“তোমাদের সাধারণ ব্যক্তির উপর আমার যতখানি মর্যাদা, ঠিক তেমনি একজন আলিমের মর্যাদা একজন আবিদের উপর”

আবূ উমামাহ্ আল-বাহিলী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, দু’জন লোকের ব্যাপারে রাসূলুল্লাহ -এর নিকট আলোচনা করা হল। তাদের একজন আবিদ (সাধক) এবং অন্যজন আলিম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ “তোমাদের সাধারণ
ব্যক্তির উপর আমার যতখানি মর্যাদা, ঠিক তেমনি একজন আলিমের মর্যাদা একজন আবিদের
উপর”। তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ “নিশ্চয়ই আল্লাহ,
তার ফেরেশতাগণ এবং আসমান-যমীনের অধিবাসীরা, এমনকি গর্তের পিপড়া এবং পানির মাছ
পর্যন্ত সেই ব্যক্তির জন্য দু’আ করে যে মানুষকে কল্যাণকর ইলম শিক্ষা দেয়”।
[হাসান লিগাইরিহী] [এটি তিরমিযী বর্ণনা করেছেন।]

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম এর কাছে দু'জন ব্যক্তির কথা উল্লেখ করা হল, যাদের একজন ছিলেন ইবাদতকারী এবং অন্যজন ছিলেন আলেম। তাদের মধ্যে কে শ্রেষ্ঠ? তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: যে ইসলামী ইলমের প্রয়োজনীয়তা জেনেও ইবাদতে নিজেকে নিয়োজিত করেন, তার উপর ইসলামী ইলমের আলিম ও শিক্ষাদানকারীর শ্রেষ্ঠত্ব সর্বনিম্ন সাহাবীর উপর রাসুল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম এর শ্রেষ্ঠত্ব এবং সম্মানের মতো। তারপর, তিনি সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম এর কারণ ব্যাখ্যা করলেন, যা হল, আল্লাহ সুবহানাহু ওয়া তা‘আলা, আরশ বহনকারী তাঁর ফেরেশতাগণ এবং আসমানবাসী অন্যান্য ফেরেশতাগণ এবং পৃথিবীর মানুষ, জিন এবং সমস্ত প্রাণী, এমনকি পৃথিবীর অভ্যন্তরে বসবাসকারী পিঁপড়া, এমনকি সমুদ্রের তিমি এবং মাছ; যেন স্থল ও সমুদ্রের প্রাণী অন্তর্ভুক্ত হয়, এই সমস্তই মানুষের ধর্মীয় ইলমের শিক্ষকের জন্য কল্যাণের দোআ করেন, যে ইলমে মানুষের মুক্তি এবং সাফল্য নিহিত।

https://www.sunnah.global/hadeeth/bn/show/6106